



নোবিপ্রবি/রেজি/একা/ভর্তি: ২০২৩-২৪/২০২৪/১২১৮৬

২৩ অক্টোবর ২০২৪

## **GST গুচ্ছভুক্ত ২০২৩-২৪ শিক্ষাবর্ষে বিভিন্ন কোটায় (Quota) প্রাথমিক ভর্তিকৃত শিক্ষার্থীদের মূল কাগজপত্র জমা দেয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি**

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে বিভিন্ন কোটায় (Quota) বিষয়প্রাপ্ত হয়ে প্রাথমিক ভর্তি ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান করে প্রাথমিক ভর্তি নিশ্চয়ন করেছে সেসকল শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র আগামী ২৪-২৫ অক্টোবর ২০২৪ তারিখ সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত ডিন অফিস, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ (প্রশাসনিক ভবন, ৫ম তলা, কক্ষ নং-৫২২) এ জমা নেয়া হবে। উল্লিখিত সময়ের মধ্যে শিক্ষার্থীদের অবশ্যই নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে, অন্যথায় প্রাথমিক ভর্তি বাতিল হয়ে যাবে। শিক্ষার্থীদেরকে একটি A4 সাইজ খামের উপরে নাম, GST রোল নম্বর, ইউনিট, মেরিট পজিশন এবং বিষয়ের নাম লিখে কাগজপত্র জমা দিতে হবে।

### **যেসকল কাগজপত্র জমা দিতে হবে:**

- এসএসসি ও এইচএসসি'র মূল মার্কশিট।
- নাগরিকত্ব সনদ/জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি।
- মুক্তিযোদ্ধা কোটায় ভর্তিচ্ছু প্রার্থীদের পিতা-মাতার অনুকূলে সরকার কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সার্টিফিকেট এবং প্রয়োজনে দাদা-দাদী, নানা-নানীর সম্পর্কের বিষয় নিশ্চিত করার জন্য ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত এবং জেলা/ উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক প্রত্যায়িত পিতা-মাতার ওয়ারিশ সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
- ক্ষুদ্র নৃগোষ্ঠী (উপজাতি) প্রার্থীদের ক্ষেত্রে উপজাতি ভিত্তিক প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি।
- হরিজন/দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক ও শ্রবণ) এবং খেলোয়াড় (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের) কোটার প্রার্থীদের যথাযথ প্রত্যয়নপত্র ও সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য <https://gstadmission.ac.bd/> এবং [www.admission.nstu.edu.bd](http://www.admission.nstu.edu.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)

এবং

সচিব, ভর্তি কমিটি (২০২৩-২৪)

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

### **বিতরণ:**

- ১। আহ্বায়ক ও সদস্য-সচিব, ভর্তি সহায়ক (সাক্ষাতকার ও অন্যান্য) উপ-কমিটি ২০২৩-২৪।
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), সাইবার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে প্রচারের অনুরোধসহ), নোবিপ্রবি।
- ৩। পরিচালক (অ. দা), পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দফতর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), নোবিপ্রবি।
- ৪। ডেপুটি রেজিস্ট্রার, এস্টেট শাখা, রেজিস্ট্রার দফতর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), নোবিপ্রবি।

নোবিপ্রবি/রেজি/একা/ভর্তি: ২০২৩-২৪/২০২৪/১২১৮৬

২৩ অক্টোবর ২০২৪

### **অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:**

- ১। ডিন, সকল অনুষদ, নোবিপ্রবি।
- ২। পরিচালক, সকল ইনস্টিটিউট, নোবিপ্রবি।
- ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, নোবিপ্রবি।
- ৪। ডেপুটি রেজিস্ট্রার, প্রশাসন শাখা, রেজিস্ট্রার দফতর, নোবিপ্রবি।
- ৫। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
- ৬। ব্যক্তিগত শাখা, রেজিস্ট্রার দফতর, নোবিপ্রবি।
- ৭। নথি।
- ৮। মহানথি।

মোহাম্মদ সাইফুদ্দীন

ডেপুটি রেজিস্ট্রার

শিক্ষা শাখা, রেজিস্ট্রার দফতর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়